

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২৮, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহানগর দায়রা জজ এবং  
মহানগর সিনিয়র স্পেশাল জজ,  
চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

সূত্র : স্পেশাল মামলা নং ৪৬/২২, আদেশ নং-০২, তারিখ : ১-৯-২২

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সূত্রে বর্ণিত মামলার আদেশে নুরুল ইসলাম, সহকারী পরিচালক ও তদন্তকারী কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, চট্টগ্রাম ২ এর দুদক বিধিমালা ১৮ বিধি/দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২) ও ২৭ (১) ধারা, মানিলিডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ৪(২) ও ৪(৩) ধারা, ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা তৎসহ দণ্ড বিধির ১০৯ ধারা এবং মানিলিডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর সম্পৃক্ত অপরাধ “দুর্নীতি ও ঘুষ” এর মাধ্যমে জ্ঞাত আয়ের উৎসের সাথে অসঙ্গতিপূর্ণভাবে অর্জনপূর্বক উক্ত সম্পদ হস্তান্তর, হস্তান্তর ও রূপান্তর করে ভোগ দখলে রাখার অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সংশ্লিষ্ট সম্পত্তি ফ্রীজ/অবরুদ্ধ (Freeze/Attached) করণের আবেদনের উল্লিখিত অভিযোগ সংশ্লিষ্ট আসামী ১। ফেরদৌসি আকতার, স্বামী-মোঃ শাহজাহান, মাতা-সামসুন্নাহার, বর্তমান ঠিকানা : বাসা/ হোল্ডিং-১৪নং শাহজাহানের বাড়ী, সাং-হাইলেভেল রোড, লালখান বাজার, ডাকঘর : দামপাড়া ৪০০০, খুলসী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা : গ্রাম-বাতালিয়া, ডাকঘর-হাজাতখোলা বাজার, থানা-লালমাই, জেলা-কুমিল্লা এবং তার স্বামী ২। মোঃ শাহজাহান (৫৪), সাবেক অফিসার ইনচার্জ (ওসি), লোহাগাড়া থানা, চট্টগ্রাম, বর্তমানে-পুলিশ পরিদর্শক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, চট্টগ্রাম রিজিয়ন, পিতা-মৃত সুলতান আহমেদ, মাতা-রাবেয়া খাতুন, স্থায়ী ঠিকানা : গ্রাম-বাতালিয়া, ডাকঘর-হাজাতখোলা বাজার, থানা-লালমাই, জেলা-কুমিল্লা, নিম্নবর্ণিত স্থাবর, অস্থাবর সম্পদসমূহ যে

(১৫৬৮৫)

মূল্য : টাকা ৪.০০

কোনো সময় উত্তোলিত, হস্তান্তর এবং মালিকানা পরিবর্তন হওয়ার আশংকা রয়েছে বিধায় এই সকল হিসাব ও সঞ্চয়পত্রসমূহ (Freez/Attached) অবরুদ্ধ/ক্রোককরণের আদেশ হয়।

স্থাবর সম্পত্তি

ক্রমিক নং	স্থাবর সম্পত্তির বিবরণ	যার নামে অর্জন করা হয়েছে	মূল্য (রেজিঃ সহ)	মন্তব্য
০১।	দলিল নং-৮৯৭৭, তারিখ : ২১-১২-২০০৩ইং, স্বামীর নামে হেবা দলিল নং-১১৫০১, তাং-০৯-০৮-১৬ মূলে চট্টগ্রাম জেলার সাবেক কোতয়ালী থানা, বর্তমানে খুলশী থানাধীন লালখান বাজার পরশ মঞ্জিল, ১৪ নং হাইলেভেল রোড, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এ ২ গণ্ডা ২ কাঙ্কি ৪ দস্তক ভিটি জমি অর্ধেক ক্রয় তার নিজ নামে, মূল বাকি অর্ধেক তার স্বামী থেকে হেবা মূলে প্রাপ্ত	আসামী ফেরদৌসী আজ্জার	রেজিঃ সহ জমির মূল্য ৪,০০,০০০/- টাকা। ভবনের সিভিল অংশের মূল্য ৭৮,৫৫,৩২৬.৬৩ + বৈদ্যুতিক অংশের মূল্য ৭,৬৬,৪০৭/- = মোট ৮৬,২১,৭৩৪/- টাকা। জমির দাম এবং বিল্ডিং নির্মাণের অর্ধেক খরচসহ উক্ত ভবনে ফেরদৌসী আজ্জার এর পরিমাণ ৪৩,১০,৮৬৭/- টাকা। তবে তার স্বামী অত্র মামলার ২ নং আসামী মোঃ শাহজাহান হেবামূলে তাকে উক্ত জমি ও ভবনের অর্ধেক অংশ তাকে প্রদান করায় সম্পূর্ণ ভবনটির মালিকানা ১নং আসামী ফেরদৌসী আকতার এর নামে গণ্য হবে। এক্ষত্রে সম্পূর্ণ ভবনের জমি ও ভবন নির্মাণের খরচ বাবদ ৮৬,২১,৭৩৪/- টাকা ক্রোক (Attachment) আদেশের জন্য বিবেচিত হতে পারে।	স্থাপনার মূল্য অনুসন্ধানকালে নিরপেক্ষ প্রকৌশলী দ্বারা সরেজমিনে পরিমাপ গ্রহণ করে মূল্য নির্ধারণ করা হয়েছে।
০২।	দলিল নং-২২৮০, তারিখ : ৩১-০৫-২০১৫ মূলে কক্সবাজার জেলার সদর থানাধীন বিলংজা মৌজার বর্ধিত পৌরসভায় ৪ কাঠা বা ০.০৬৬০ শতক জঙ্গল সংস্কার করে ভিটি ভূমি নিজ নামে ক্রয়	ফেরদৌসী আজ্জার	রেজিঃ সহ জমির মূল্য- ৬০,৩১,০০০/- টাকা।	(পরবর্তী তারিখ ২৯-০৯-২০২২)
মোট =			১,৪৬,৫২,৭৩৪/- টাকা	

## “ছক-০১”

## অস্থাবর সম্পত্তি

ক্রমিক নং	অস্থাবর সম্পত্তির বিবরণ	যার নামে অর্জন করা হয়েছে	মূল্য	মন্তব্য
০১।	০২টি যাত্রীবাহী বাস যার রেজিঃ নং-চট্টমেট্রো ব-১১-০০৪৮ ও চট্টমেট্রো ব-১-০১৩৯ সৌদিয়া পরিবহনের নিয়ন্ত্রণে চট্টগ্রাম- কক্সবাজার রোডে চলাচল করে যা ১৭-০৭-২০১৪ ইং তারিখে অর্জিত হয়	ফেরদৌসি আজারের নামে অর্জিত	১০,০০,০০০	(পরবর্তী তারিখ ২৯-৯-২০২২)
০২।	শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, ওয়াসা মোড় শাখা, চট্টগ্রাম, হিসাব নং-৩০১৮১২১০০০০৬৭৪ তে ১৭-৪-১৯ পর্যন্ত স্থিতি	ফেরদৌসি আজারের নামে	৩,৮৩৭.৬৪	
মোট			১০,০৩,৮৩৭.৬৪/- টাকা	

## বেগম জেবুননেছা

মহানগর দায়রা জজ এবং  
মহানগর সিনিয়র স্পেশাল জজ,  
চট্টগ্রাম।